

# ইআবিতে ৪ দিনব্যাপী আরবি শিক্ষক প্রশিক্ষণ কর্মশালা শুরু

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ে ৪ দিনব্যাপী আরবি ভাষার শিক্ষক

প্রশিক্ষণ শুরু হয়েছে। আজ সোমবার (২৮ জুলাই) সকাল ৯টায়

বিশ্ববিদ্যালয়ের মিলনায়তনে কর্মশালার উদ্বোধন করেন

বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যাপ্সেলর প্রফেসর ড. মো. শামছুল

আলম।

ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় এবং সৌদি আরবের রিয়াদস্থ ‘কিং

সালমান গ্লোবাল একাডেমি ফর এ্যারাবিক ল্যাঙ্গুয়েজ’ যৌথভাবে

এ প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করে।

কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বিশ্বব্যাপী

আরবি ভাষার প্রসার ও শিক্ষকদের প্রশিক্ষণের গুরুত্ব তুলে ধরে

ভাইস চ্যাপ্সেলর বলেন, ‘আরবি ভাষা কেবল ধর্মীয় শিক্ষার মাধ্যম

নয়, এটি আন্তর্জাতিক যোগাযোগ ও জ্ঞানচর্চার এক গুরুত্বপূর্ণ

মাধ্যম।

এই প্রশিক্ষণের মাধ্যমে আমাদের শিক্ষকরা আরবি ভাষার

গভীরতা ও শিখন কৌশল আয়ত্ত করতে সক্ষম হবেন, যা দেশে

আরবি শিক্ষার মানোন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।’

তিনি কর্মশালায় প্রশিক্ষক হিসেবে সৌন্দি আরব থেকে আগত

প্রতিনিধিদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং প্রশিক্ষণার্থীদের

উদ্দেশে বলেন, ‘এই কর্মশালার মাধ্যমে অর্জিত জ্ঞান পেশাগত

দক্ষতা বৃদ্ধিতে এবং প্রত্যেককে আরবি ভাষায় দক্ষ করে গড়ে

তুলতে সহায়ক হবে।’

আধুনিক পদ্ধতিতে আরবি ভাষা শিক্ষাদান এখন সময়ের দাবি

উল্লেখ করে তিনি বলেন, মধ্যপ্রাচ্যে কর্মসংস্থানের সবচেয়ে বড়

চাহিদার একটি হলো ভাষাগত দক্ষতা, বিশেষ করে আরবি ভাষা।

এই প্রশিক্ষণ সেই চাহিদা পূরণে সহায়ক হবে।

বাংলাদেশের তরুণ সমাজ আরবি ভাষায় দক্ষতা অর্জনের মাধ্যমে

মধ্যপ্রাচ্যে চাকরির প্রতিযোগিতায় এগিয়ে রাখতে নিজেকে প্রস্তুত

করবেন বলেও আশা ব্যক্ত করেন তিনি।

কর্মশালায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস

চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ শহীদুল ইসলাম। তিনি বলেন,

‘এই প্রশিক্ষণ কর্মশালার লক্ষ্য হলো অন্তর্বর্ষ শিক্ষকদের কার্যকর

আরবি ভাষা শিক্ষাদানে প্রস্তুত করা এবং আধুনিক শিখন কৌশল

সম্পর্কে দক্ষতা অর্জনের সুযোগ করে দেওয়া।'

প্রশিক্ষণ কর্মশালায় সৌদি থেকে আগত 'কিং সালমান গ্লোবাল  
একাডেমি ফর এ্যারাবিক ল্যাঙ্গুয়েজ' এর পক্ষে ড. আব্দুর রহমান  
আল আমরি, প্রফেসর ড. আব্দুর রহমান আল জোহানী (উম্মুল  
কুরা বিশ্ববিদ্যালয়), সহকারী অধ্যাপক ড. সালমান আল হারবি  
(ইসলামিক ইউনিভার্সিটি, মদিনা মোনাওয়ারা) এবং মাহা আল  
ফোরাইই উপস্থিত ছিলেন।

কর্মশালায় আরো উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার এ  
এস এম মামুনুর রহমান খলিলী, কামিল (স্মাতকোভ্র) শিক্ষা,  
প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের ডিন প্রফেসর ড. মোহাম্মদ অলী  
উল্যাহ, রেজিস্ট্রার মো. আইউব হোসেন ও পরিকল্পনা বিভাগের  
পরিচালক প্রফেসর ড. রফিক আল মামুনসহ সংশ্লিষ্ট কর্মকর্তা-  
কর্মচারীবৃন্দ।

চার দিনব্যাপী (২৮ থেকে ৩১ জুলাই) আয়োজিত কর্মশালায়  
ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়সহ দেশের বিভিন্ন ফাজিল ও কামিল  
মাদরাসার ৩০ জন শিক্ষক অংশগ্রহণ করেন। এ ছাড়া (২৯ ও ৩০  
জুলাই) দুই দিনব্যাপী আরো একটি প্রশিক্ষণ কর্মশালায় বিভিন্ন  
ফাজিল ও কামিল মাদরাসার ২৫ জন শিক্ষক অংশগ্রহণ করবেন।  
প্রতিদিন সকাল ৯টা থেকে বিকাল ৩টা পর্যন্ত কর্মশালা অনুষ্ঠিত  
হবে।

